



ফেনী জেলাধীন ফুলগাজী উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচির উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব সুলতানা নাসরিন কান্তা  
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), ফুলগাজী, ফেনী।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলগাজী, ফেনী।

সভার তারিখঃ ১২/০৫/২০২০ খ্রিঃ সময়ঃবেলা ১১.০০টা

সভায় সম্মানিত উপদেষ্টা জনাব আবদুল আলীম, উপজেলা চেয়ারম্যান উপস্থিত ছিলেন। সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব সভাকে জানান যে, গত ১২/০৪/২০২০ ইং তারিখ সভার সিদ্ধান্ত মোতাবেক বাতিলকৃত খাদ্য বান্ধব কর্মসূচির আমজাদহাট ইউনিয়ন এর ডিলার নিয়োগের জন্য গত ২৮/০৪/২০২০ তারিখের ৭১ নং স্মারকে বিজ্ঞপ্তি জারী করা হয়। তৎপ্রেক্ষিতে নির্ধারিত তারিখের মধ্যে ৪(চার) জনের আবেদন পাওয়া যায়। আবেদনপত্র সমূহ খাদ্য বান্ধব নীতিমালা, ২০১৭ আলোকে যাচাই বাছাই করে সঠিক পাওয়া যায়। সম্মানিত উপদেষ্টা আবেদনকারীদের সকলের ব্যক্তিগত পরিচিতি, স্বভাব ও কার্যক্রম সভায় তুলে ধরেন এবং আবেদনকারীদের মধ্যে জনাব মোঃ শাহজাহানকে ডিলার হিসেবে নিয়োগ পাওয়ার যোগ্য বলে মতামত ব্যক্ত করেন। উপস্থিত সকলে সম্মানিত উপদেষ্টার মতের সাথে একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. জনাব মোঃ শাহজাহান, পিতাঃ হাজী আবুল কালাম, গ্রামঃ দক্ষিন ধর্মপুর, ডাকঘরঃ আমজাদ হাট, উপজেলা ফুলগাজী, ফেনীকে আমজাদহাট ইউনিয়নের খাদ্য বান্ধব ডিলার হিসেবে নিয়োগ করা হবে। সদস্যসচিব খাদ্য বান্ধব নীতিমালা, ২০১৭ আলোকে নিয়োগ পত্র জারী করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.০৫.২০২০

(সুলতানা নাসরিন কান্তা)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও সভাপতি

উপজেলা খাদ্যবান্ধব কমিটির

ফুলগাজী, ফেনী।

তারিখঃ ১২/০৫/২০২০খ্রি.

স্মারকনং- ১৩.০৩.৩০২৫.০০২.৪৮.০০১.১৬. ৬৬(৩)

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, ফেনী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৪-৮। উপজেলা কৃষি/সমাজসেবা/পরিসংখ্যান/মহিলা বিষয়ক/প্রকল্প বাস্তবায়ন অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৯-১০। ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ১১। চেয়ারম্যান, আমজাদহাট ইউনিয়ন পরিষদ, ফুলগাজী, ফেনী।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ফুলগাজী, ফেনী।